# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।

www.bksp.gov.bd


## যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণের ভর্তি বিজ্ঞপ্তি-২০২৫ (সংশোধিত)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কর্তৃক যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ শীর্ষক প্রকল্পের আওতায় ১৮-৩৫ বছর বয়সী যুব ও যুব নারীদের ১৫ দিনব্যাপী আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লিখিত প্রশিক্ষণ কার্যক্রম আগামী ০৮ নভেম্বর ২০২৫ থেকে শুরু হবে এবং ১১৪ টি ব্যাচে পর্যায়ক্রমে মোট ৮,২৫০ জন যুব ও ৬০০ জন যুব নারী-কে নিম্নলিখিত ছকে উল্লিখিত কেন্দ্রসমূহে জুডো, কারাতে, তায়কোয়ানডো ও শ্যুটিং বিষয়ে আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করার জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১. **প্রতি ব্যাচে প্রশিক্ষণের মেয়াদঃ** ১৫ দিন (সম্পূর্ণ আবাসিক)

২. **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম এসএসসি/সমমান পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে। শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং প্রশিক্ষণ গ্রহণে সক্ষম ১৮-৩৫ বছর. বয়সী বাংলাদেশী প্রকৃত নাগরিক (পুরুষ/মহিলা)।

৩. **সুবিধাবলীঃ** নির্বাচিত প্রশিক্ষণার্থীদের বিকেএসপি কর্তৃক আবাসন, আহার, ট্র্যাকসুট, টি-শার্ট ও কেডস প্রদান করা হবে। এছাড়াও সফলতার সাথে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নকারীদের দৈনিক ৩০০/- টাকা হারে মোট= ৪,২০০/- টাকা প্রশিক্ষণ ভাতা এবং সার্টিফিকেট প্রদান করা হবে।

৪. **প্রশিক্ষণ কেন্দ্রসমূহঃ**

| # | কেন্দ্রের নাম ও ঠিকানা | ব্যাচের সংখ্যা | প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা | কেন্দ্র ভিত্তিক মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১ম ব্যাচ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | বিকেএসপি ঢাকা, (জিরানী, সাভার, ঢাকা) | ১২ টি | ৫০ জন (মেয়ে) | ৬০০ জন | ০৮ নভেম্বর ২০২৫ |
| ২ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কক্সবাজার, (জোয়ারীয়ানালা, রামু, কক্সবাজার) | ২২টি | ১৩৫ জন (ছেলে) | ২৯৭০ জন | ১৫ নভেম্বর ২০২৫ |
| ৩ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম, (সাগরিকা রোড, চট্টগ্রাম) | ১৬ টি | ৪০ জন (ছেলে) | ৬৪০ জন | ২৮ নভেম্বর ২০২৫ |
| ৪ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা, (আফিলগেট, আটরা, খুলনা) | ১৬ টি | ৭০ জন (ছেলে) | ১১২০ জন | ২৮ নভেম্বর ২০২৫ |
| ৫ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল, (গড়িয়ারপার, বরিশাল) | ১৬ টি | ৭৫ জন (ছেলে) | ১২০০ জন | ২৮ নভেম্বর ২০২৫ |
| ৬ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট, (কুমারগাঁও, বাইপাস, খাদিমনগর, সিলেট) | ১৬ টি | ৭৫ জন (ছেলে) | ১২০০ জন | ২৮ নভেম্বর ২০২৫ |
| ৭ | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর, (বাঁশেরহাট, দিনাজপুর) | ১৬ টি | ৭০ জন (ছেলে) | ১১২০ জন | ২৮ নভেম্বর ২০২৫ |
| | মোট ব্যাচের সংখ্যা = | ১১৪ টি | | ৮,৮৫০ জন | |

৫. ঢাকা বিকেএসপিতে শুধুমাত্র যুব নারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

৬. বিশেষ কারণে প্রশিক্ষণ কার্যক্রমের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে। সেক্ষেত্রে বিকেএসপি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৭. প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণার্থী বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচনা করা হবে।

৮. প্রশিক্ষণে অংশগ্রহণের সময় জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি ও একসেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।

৯. আবেদনের জ্যেষ্ঠতার ভিত্তিতে **(First Come, First Selection)** প্রার্থী নির্বাচন করা হবে।

১০. **অনলাইনে আবেদনের তথ্যাবলীঃ** ওয়েবসাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক নিম্নবর্ণিত প্রয়োজনীয় সংযুক্তি সমূহ আপলোড করতে হবে।

- ক) পাসপোর্ট সাইজ ছবি
- খ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র,
- গ) জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র,
- ঘ) ইউনিয়ন পরিষদ/নিজ থানা/টিএনও/সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক সু-নাগরিক সনদ অথবা ফৌজদারি বিধিতে মামলা নেই মর্মে অনাপত্তি পত্র প্রদান করতে হবে, একই সাথে নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে চারিত্রিক সনদ পত্র প্রদান করতে হবে।
- ঙ) আবেদনকারী নিজ নামে কোন প্রকার ফৌজদারি বিধিতে মামলা নেই মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১১. একজন প্রার্থী শুধুমাত্র একবারই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে।

১২. **অনলাইনে আবেদন করার পদ্ধতি:** সকল ভর্তিচ্ছু প্রার্থীকে নিম্নের প্রক্রিয়া অনুসরণ করে অনলাইনে ফরম পূরণ করতে হবেঃ

**bkspds.gov.bd > Applicant registration > যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণের আবেদন > Apply > Form Fill up > Submit > Download > Print**

১৩. **অনলাইনে আবেদন শুরুর সময়** - ১৭ অক্টোবর, ২০২৫, সকাল ০৯:০০ ঘটিকা

১৪. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/অসত্য তথ্য প্রদানকারীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৫. **প্রশিক্ষণের শর্তাবলীঃ**

- ক) এটি একটি আবাসিক প্রশিক্ষণ কর্মসূচী। প্রশিক্ষণ চলকালীন সময়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কেন্দ্রের বাহিরে যাওয়া যাবে না।
- খ) সকল প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- গ) সকল ব্যবহারিক ও তাত্ত্বিক ক্লাসসমূহে সশরীরে উপস্থিতি বাধ্যতামূলক।
- ঘ) প্রশিক্ষণার্থী ব্যতীত অন্য কোন ব্যাক্তিকে প্রতিষ্ঠানের অভ্যন্তরে অবস্থান করতে দেওয়া হবে না।


কর্ণেল মোঃ গোলাম মাবুদ হাসান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ),
বিকেএসপি।

**যোগাযোগের জন্য:**
**(সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)**
০১৭১৩২৪৬০৫০, ০১৭০৯-৩৩০০৮৪
**E-mail:** bksp1983@yahoo.com
**Website:** www.bksp.gov.bd

**নিবন্ধন সমস্যা সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ:**
**(সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)**
০১৬৭২-০৯৩৩৪৬, ০১৪০৬-১৫২২৩১